হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 24 AUGUST 2026 ,MONDAY | ২৪ আগস্ট ২০২৬ ,সোমবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-261

কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

## কামাখ্যাগুড়ি হাই স্কুলে মিনি স্টেডিয়াম হবে বলে জানালেন বন ও পরিবেশ মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ আগস্ট :** কামাখ্যাগুড়ি হাই স্কুলে মিনি স্টেডিয়াম তৈরি করা হবে। হাই স্কুল এলাকা পরিদর্শন করে এমনটাই জানিয়েছেন কুমার গ্রামের বিধায়ক তথা পশ্চিমবঙ্গ সরকারের বন এবং পরিবেশ দপ্তরের মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ। দীর্ঘদিনের দাবি ছিল ওই স্কুলে আলোর ব্যবস্থা করার তিনি আশ্বাস দিয়েছেন কোন প্রাঙ্গণে রাত্রিকালীন পরিস্থিতিতে যথেষ্ট আলোর ব্যবস্থা করে দেবেন এবং তৎসহ ৯৭ লক্ষ টাকা প্রাথমিকভাবে খরচ হবে ধরে স্টেডিয়াম তৈরি করা হবে।

## রেললাইনে হাতির পাল ,চালকের তৎপরতায় রক্ষা পেল প্রাণ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ আগস্ট :** ফের রেললাইনে হাতির পাল। তবে চালক ও সহকারী চালকের তৎপরতায় বড়সড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেল হাতির দল। ঘটনাটি ঘটেছে নাগরাকাটা–চালসা রেলপথের ৬৮/১ কিলোমিটার পয়েন্টে।রেল সূত্রে জানা গিয়েছে, গতকাল রাত ৮টা ১০ মিনিট নাগাদ ৭৫৭৪২ ডাউন ধুবড়ি–শিলিগুড়ি ডিইএমইউ ট্রেনটি ওই রেলপথ দিয়ে যাওয়ার সময় লোকো পাইলট অরুণাভ মিত্র এবং সহকারী লোকো পাইলট তাপস কুমার কর্জি রেললাইনের উপর একদল হাতিকে দেখতে পান। পরিস্থিতি বুঝতে পেরে তাঁরা দ্রুত ট্রেনের গতি নিয়ন্ত্রণ করেন এবং হাতির পালটিকে নিরাপদে রেললাইন পার হয়ে যাওয়ার সুযোগ দেন। চালক ও সহকারী চালকের সময়োপযোগী পদক্ষেপে হাতির পালটি নিরাপদে রেললাইন থেকে সরে যায়। এরপর ট্রেন চলাচল স্বাভাবিক হয়। উত্তরবঙ্গের জঙ্গল লাগোয়া রেলপথে প্রায়ই হাতির চলাচল লক্ষ্য করা যায়। এই পরিস্থিতিতে চালকদের সতর্কতা এবং দ্রুত সিদ্ধান্ত নেওয়াই বন্যপ্রাণীর নিরাপত্তায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

## ইট বোঝাই ষোলো চাকা ট্রাক উঠতেই বিকট শব্দে দুমড়ে মুচড়ে গেলো সেতু



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,২৩ আগস্ট :** একটি ষোলো চাকার ইট বোঝাই ট্রাক সেতুতে উঠতেই বিকট শব্দে দুমড়ে মুচড়ে ভেঙ্গে পড়লো খুটামারা নদীর উপর থাকা পঁচিশ বছরের পুরনো দেওশাল সেতু। কোচবিহার জেলার মাথাভাঙ্গা মহকুমার শীতলকুচি ব্লকের ছোট শালবাড়ি গ্রাম পঞ্চায়েত এলাকায় এই ঘটনাটি ঘটে রবিবার ভোর চারটে নাগাদ। স্থানীয়রা জানান ভোর বেলায় বিকট শব্দ শুনে তারা ছুটে যান সেতুর ওখানে আর দেখতে পান ট্রাক সহ দুমড়ে মুচড়ে যাওয়া সেতুটি। দূর্ঘটনায় হতাহতের কোনো খবর নেই। তারা আরও জানান সেতুটি পঁচিশ বছর আগে বাম আমলে নির্মিত হয়েছিলো। প্রশাসন দীর্ঘদিন ধরেই সেতুটিকে দুর্বল ঘোষণা করে। সেতুটি ভেঙ্গে পড়ায় আকড়ারহাট ও পঞ্চারহাট এলাকার মধ্যে যোগাযোগ ব্যবস্থা ব্যহত হবে বলে জানান স্থানীয় বাসিন্দারা। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছান পুলিশ ও প্রশাসনের প্রতিনিধিরা। তারা চেষ্টা করছেন দ্রুত সমস্যার সুরাহা করতে। দ্রুত সেতুর সংস্কার করে অথবা বিকল্প রাস্তা তৈরি করে যাতায়াত ব্যবস্থা চালু করার দাবি জানিয়েছেন এলাকাবাসী।

## উদ্ধার ব্রাউন সুগার, গ্রেপ্তার দুই মহিলা



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,২৩ আগস্ট :** জলপাইগুড়ি জেলা পুলিশের কোতোয়ালি থানার পুলিশ শনিবার নির্ভরযোগ্য সূত্রে খবর পায় বিহারের কিশনগঞ্জ থেকে দার্জিলিং মেলে দুই মহিলা মাদক নিয়ে জলপাইগুড়ি আসছে। খবর পেয়ে পুলিশ স্টেশনে ওঁত পেতে থাকে। ট্রেনটি স্টেশনে আসতেই পুলিশ নির্দিষ্ট দুই মহিলাকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক দুই মহিলার হেফাজত থেকে উদ্ধার হয় দুধো সত্তর গ্রাম ব্রাউন সুগার। উদ্ধার করা মাদক বাজেয়াপ্ত করে দুই মহিলাকে গ্রেপ্তার করে পুলিশ। সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃত দুই মহিলার বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আদালতে পাঠানো হয়। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

# বিলাসবহুল গাড়িতে করে মহিষ পাচার ,আটক গাড়ি ,উদ্ধার মহিষ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ আগস্ট :** বিলাসবহুল গাড়িতে করে মহিষ পাচার করার পথে গাড়ির পিছু ধাওয়া করে পুলিশ উদ্ধার করে চারটি মহিষ আটক করে গাড়িটিকে তবে চালক রাতের অন্ধকারে সুযোগ বুঝে গাড়ি থেকে নেমে পালিয়ে যায়। ৩১ নম্বর জাতীয় সড়ক ধরে বারবিশা যাওয়ার সময় রবিবার ভোরে গাড়িটিকে আটক করার চেষ্টা করে পুলিশ। কিন্তু পুলিশের নাকা চেকিং এ দাঁড়িয়ে থাকা পুলিশ কে ধাক্কা মারার চেষ্টা করি পালিয়ে যায় গাড়ির চালক। পুলিশ গাড়ির কিছু ধাওয়া করে কামাখ্যাগুড়ি পুলিশের সহযোগিতায় গাড়িটিকে ধরে। এরপর পুলিশ ফাঁড়িতে নিয়ে আসে। বিলাসবহুল আর্টিগা গাড়ি থেকে উদ্ধার করা হয় চারটি মাঝারি সাইজের মহিষ। শামুকতলা রোড ফাঁড়ি র ওসি সঞ্জীব মোদক জানিয়েছেন গাড়ির মালিক এবং অজ্ঞাত পরিচয় চালকের বিরুদ্ধে মামলা শুরু করা হয়েছে ।মহিষগুলোকে বারবিশা খোয়ারে পাঠানো হবে।

# জঙ্গল থেকে লোকালয়ে গণ্ডার শাবক




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ আগস্ট :** জঙ্গল থেকে বেরিয়ে লোকালয়ে চলে এল গণ্ডার শাবক। ঘটনাটি আলিপুরদুয়ার জেলার মাদারিহাট বারোমাইল এলাকার। এদিন জঙ্গল থেকে বেরিয়ে একটি গণ্ডার শাবক বারোমাইল এলাকায় চলে আসে এবং গণ্ডার শাবকটি চা বাগানে প্রবেশ করে।ঘটনা স্থলে জলদাপাড়া বনবিভাগের কর্মীরা পৌছেছে তিনটি কুনকি হাতি আনা হয়েছে। দীর্ঘক্ষণের প্রচেষ্টায় অবশেষে গণ্ডার শাবককে জঙ্গলমুখো করা হয়।

# পানীয় জলের সংকট চলছে টটপাড়ায় ,উদাসীন প্রশাসন



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ আগস্ট :** এক বছরের অধিক সময় ধরে পানীয় জলের সময় ভুগছেন আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের টটপাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েতের বাসিন্দারা। প্রায় ২৫ বছর আগে টটপাড়া চড়াই মহলে এই পানীয় জলের পাম্প বসার পরেই মানুষের পানীয় জলের সমস্যার সমাধান হয়েছিল। কিন্তু গত এক বছর ধরে পর্যাপ্ত পরিমাণে কর্মী থাকা সত্ত্বেও সঠিকভাবে পানীয় জল সরবরাহ করা হচ্ছে না। অধিকাংশ পানীয় জলের কল দিয়ে জল পড়ছে না। পানীয় জলের সমস্যার দরুণ এর আগেও জলের পাম্পের তালা দেওয়া হয়েছিল এরপর কিছুটা সমস্যার সমাধান হয়েছিল। দীর্ঘ এক বছরের অধিক সময় ধরে একদিকে যেমন সঠিকভাবে পানীয় জল পাচ্ছেন না বাসিন্দারা অন্যদিকে পানীয় জলের পাইপ যেখানে সেখানে ভেঙ্গে পড়ে রয়েছে মেরামত করার কোন উদ্যোগ নেওয়া হচ্ছে না। ক্ষোভে ফুঁসছে জনগণ তবে এই ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটতে পারে যে কোন সময়।

# কোচবিহার জেলা পুলিশের বিশেষ উদ্যোগ "কুটুম্ব"




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২৩ আগস্ট :** কোচবিহার জেলা পুলিশের বিশেষ উদ্যোগে একটি আয়োজন "কুটুম্ব"। যেটা কোচবিহার পুলিশ লাইনস এ অনুষ্ঠিত হচ্ছে।এটি কোচবিহার জেলা পুলিশের একটি বিশেষ উদ্যোগ, যা পুলিশ কর্মীদের সন্তানদের জন্য সম্পূর্ণ বিনামূল্যে অঙ্কন, ক্যারাটে এবং গিটার ক্লাসের আয়োজন করছে।প্রতি সপ্তাহের শনিবার এবং রবিবার কোচবিহার পুলিশ লাইনে এই ক্লাসগুলি অনুষ্ঠিত হচ্ছে ।এই উদ্যোগের মূল উদ্দেশ্য হল জেলা পুলিশ কর্মীদের শিশুদের মধ্যে সৃজনশীলতা, শৃঙ্খলাবোধ , আত্মবিশ্বাস বাড়িয়ে তোলার পাশাপাশি সেখান থেকে প্রতিভার করা এবং তাদের একটি আনন্দদায়ক ও গঠনমূলক শিক্ষার পরিবেশ উপহার দেওয়া। এই পরিবেশ শিশুদের ভবিষ্যতের পথচলা কে আরও মসৃণ করবে বলে মনে করেন এই আয়োজনের উদ্যোক্তা অধিকারিকগণ।এক কথায় "কুটুম্ব" হোলো একই পুলিশ পরিবার হিসেবে একসাথে শেখা, একসাথে এগিয়ে চলা।



# মজিদখানা এলাকায় জাতীয় সড়কে দুর্ঘটনা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৩ আগস্ট :** ৩১ নম্বর জাতীয় সড়কে ফের দুর্ঘটনা ঘটলো মজিদখানা স্কুল সংলগ্ন এলাকায়। বারবিশা থেকে আলিপুরদুয়ার যাওয়ার পথে একটি ট্রাক মজিদখানা স্কুল সংলগ্ন জাতীয় সড়কের ব্রিজের রেলিং এর উপর তুলে দেয়। এর ফলে গাড়িটির সামনে অংশ ছিন্ন বিচ্ছিন্ন হয়ে যায়। দীর্ঘ প্রচেষ্টার পর সমর্থলা রোড ফাঁড়ি র পুলিশ গাড়িটিকে উদ্ধার করে পুলিশ ফাঁড়িতে নিয়ে আসে। তবে চালক সামান্য আঘাত পেয়েছেন ।সম্ভবত চালক ঘুমাচ্ছন্ন অবস্থায় গাড়ি চালাচ্ছিলেন এরপরে দুর্ঘটনা ঘটে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |